Smart Bangla

Smart Education Is Key to 'Smart Bangladesh'



# স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুল

## আবেদন প্রক্রিয়া নির্দেশিকা



# Smart Bangla

*Your future self is waiting for you*

## নির্দেশিকা

আমাদের স্মার্ট বাংলায় অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয়। অনলাইনে আবেদন করার জন্য তিনটি ধাপ রয়েছে:

- অনলাইনে আবেদনের জন্য সমস্ত প্রশ্নের উত্তর দিন।
- আবেদন পত্রের সাথে আনুষঙ্গিক কাগজপত্র পূরণ , ফর্ম জমা দিন l
- প্রক্রিয়াকরণ আবেদন ফি প্রদান করুন.



## বয়সের প্রয়োজনীয়তা

- বয়স সর্বনিম্ন 10 বছর
- স্কুল রেকর্ড
- কৃতিত্বের স্তর
- মানসিক এবং শারীরিক পরিপক্কতা
- প্লেসমেন্ট স্ক্রীনিং।

# Smart Bangla

*Your future self is waiting for you*

- আবেদনের সাথে জমা দেওয়া সমস্ত রেকর্ড অবশ্যই ইংরেজিতে হতে হবে। অনূদিত নথি অবশ্যই একজন অফিসিয়াল অনুবাদকের দ্বারা যাচাই/সত্যায়িত হতে হবে। পিতামাতা রেকর্ড অনুবাদ করতে পারবে না l
- **ডকুমেন্টেশন:** অনুগ্রহ করে সচেতন থাকুন যে আমাদের ভর্তি দল স্মার্ট বাংলা স্কুলে আবেদনকারী পরিবারের পক্ষ থেকে অন্য স্কুল থেকে স্কুলের নথি সংগ্রহ বা অনুরোধ করতে পারবে না। সমস্ত নথি সংগ্রহ করতে হবে এবং পরিবারের দ্বারা সরাসরি জমা দিতে হবে। নিম্নলিখিত নথিগুলি পূরণ করতে হবে এবং অনলাইনে স্মার্ট বাংলা স্কুলে জমা দিতে হবে:

এটি সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়া আবেদনপত্র (সক্রিয় করতে অনলাইনে লগইন করুন) যার মধ্যে নিম্নলিখিতগুলি রয়েছে:

একটি সম্পূর্ণ অনলাইন ভাষা সমীক্ষা

একটি সম্পূর্ণ, গোপনীয় শিক্ষক সুপারিশ ফর্ম ছাত্রের বর্তমান পরামর্শদাতা/শিক্ষক দ্বারা পূরণ করা হয় এবং ছাত্রের বর্তমান স্কুল থেকে সরাসরি স্মার্ট বাংলা স্কুলে পাঠানো হয়। স্কুল থেকে সরাসরি না এলে আমরা ফর্ম গ্রহণ করব না।

সম্পূর্ণ অনলাইন স্বাস্থ্য তথ্য ইমিউনাইজেশন রেকর্ডের একটি কপি আপলোড করুন। AISD এর টিকাদানের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

স্কুলের বিগত 3 বছরের জন্য একাডেমিক ট্রান্সক্রিপ্ট বা রিপোর্ট কার্ডের একটি সম্পূর্ণ সেট আপলোড করুন

যেকোনো প্রমিত কৃতিত্ব পরীক্ষার স্কোরের একটি অনুলিপি আপলোড করুন (PSC, JSC, SSC, HSC, BA, MA ISA, ইত্যাদি)

সকলের স্টুডেন্ট ফটো আইডেন্টিফিকেশন পেজের একটি কপি আপলোড করুন

উভয় পিতামাতার ফটো শনাক্তকরণ পৃষ্ঠার একটি অনুলিপি আপলোড করুন।

বক্তৃতা/ভাষা, সাইকো-শিক্ষামূলক, বা বিশেষ প্রয়োজনের মূল্যায়ন এবং বা রেকর্ডগুলির একটি অনুলিপি আপলোড করুন (যদি প্রযোজ্য হয়)

উভয় পিতামাতার বাংলাদেশী জাতীয় পরিচয়পত্রের একটি কপি আপলোড করুন (যদি প্রযোজ্য হয়)

স্মার্ট বাংলা স্কুলের বিশেষভাবে অনুরোধ করা অতিরিক্ত নথির কপি আপলোড করুন

# Smart Bangla

*Your future self is waiting for you*

## শিক্ষার্থীদের অবশ্য পালনীয় আচরণ-বিধি

- সকল ছাত্র-ছাত্রীকে নিজ নিজ ধর্মের বিধি-বিধান সুষ্ঠুভাবে মেনে চলতে হবে।
- মাতা-পিতা, শিক্ষক-শিক্ষিকা ও বড়দের যথাযথ সম্মান করবে ও শ্রদ্ধা-ভক্তি দেখাবে।
- সত্যবাদী হতে হবে, অন্যায় ও অসত্যকে ঘৃণা করতে হবে। সৎ বন্ধু-বান্ধবদের সঙ্গে মিশতে হবে কারণ সৎ সংগে স্বর্গবাস অসৎ সংগে সর্বনাশ।
- পরিশ্রমী ও অধ্যবসায়ী হতে হবে। কারণ সফলতা অর্জনে এর কোন বিকল্প নেই।
- কোন প্রকার খেলার সরঞ্জামাদি নিয়ে কোন ছাত্র-ছাত্রী স্কুলে প্রবেশ করতে পারবে না।
- স্কুল চলাকালীন সময়ে টিফিন পিরিয়ড ব্যতীত অন্য কোন সময়ে কোন ছাত্র-ছাত্রী শ্রেণি কক্ষের বাইরে বা অন্য কোন ফ্লোরে যেতে পারবে না।
- পাঠ সংক্রান্ত উপকরণ ছাড়া অন্য কোন অবাঞ্ছিত কিছু বহন করলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শ্রেণিকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন ও সু-সজ্জিত রাখা ছাত্র-ছাত্রীদের পবিত্র দায়িত্ব ও কর্তব্য।
- স্কুলের সম্পদ কেউ নষ্ট করতে পারবে না, কোন সম্পদ নষ্ট হতে দেখলে তৎক্ষণাৎ স্কুল কর্তৃপক্ষকে জানাতে হবে। সম্পদের ক্ষতি সাধন করলে তার যথোপযুক্ত ক্ষতিপূরণ দিতে সকল ছাত্র-ছাত্রী বাধ্য থাকবে।
- শ্রেণিকক্ষের দেয়াল, টয়লেট অথবা স্কুলের কোন দেওয়ালে, দরজায় বা জানালায় কোন কিছু লিখলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শ্রেণির নির্ধারিত পাঠ আগে ভাগে বাড়ি থেকে করে আসতে হবে এবং শ্রেণিতে শিক্ষকের পাঠদান মনোযোগ সহকারে শুনতে হবে এবং প্রশ্ন করে ভালভাবে বুঝে নিতে হবে। কোন সমস্যা থাকলে সম্মানের সাথে পুনরায় বুঝিয়ে দিতে শিক্ষককে অনুরোধ করতে হবে।
- ছাত্র-ছাত্রীরা অবশ্যই মনে রাখবে যে, যে কোন পাঠের শেষে অধ্যায়ভিত্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রতি পিরিয়ডের পাঠদানের তথ্য, তত্ত্ব বা মর্মকথা ডায়েরিতে লিখে নিতে হবে।
- স্কুলের সকল পরীক্ষায় প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিয়মিত অংশ গ্রহণ বাধ্যতামুলক।
- কোন ছাত্র-ছাত্রীর উপস্থিতি ৮০% এর কম হলে, কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে
- পরীক্ষার হলে কথা-বার্তা বলা বা আসন পরিবর্তন করা যাবে না। পরীক্ষায় যে কোন অসদুপায় অবলম্বন করলে তাকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে।
- ছুটির পর ১৫ মিনিটের মধ্যে ছাত্র-ছাত্রী স্কুল ত্যাগ না করলে যদি কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটে সেজন্য স্কুল কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।
- সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে 'শেখার জন্য আসো এবং সেবার জন্য বের হও'এই মহামন্ত্রে সকল ছাত্র-ছাত্রী উদ্বুদ্ধ হবে ও মেনে চলবে। শিক্ষককে তেমনভাবে শ্রদ্ধা করো, যেমন ভাবে শ্রদ্ধা করো তোমার পিতা-মাতাকে।

# Smart Bangla

*Your future self is waiting for you*

## সম্মানিত অভিভাবকগণের প্রতি নির্দেশনা

- প্রতিদিন আপনার সন্তান / পোষ্য, স্কুল থেকে বাসায় ফেরার পর সেদিন সুবিধামত সময়ে শ্রেণিতে কী পড়ানো হয়েছে তা Diary দেখে নিশ্চিত হউন এবং সার্বিক কার্যক্রম তদারকি করে সন্তানের দৈনিক পাঠ তৈরীতে অবদান রাখুন।
- আপনার সন্তান / পোষ্য ঠিক সময়ে স্কুলে হাজির হয় কি-না এবং স্কুল ছুটির পর ঠিক সময়ে বাসায় ফেরে কি-না সেদিকে সতর্ক দৃষ্টি রাখুন।
- নির্ধারিত পরীক্ষাগুলোতে আপনার সন্তান / পোষ্য নিয়মিত অংশগ্রহণ করছে কিনা এবং পরীক্ষাগুলোতে আশানুরূপ ফল করতে পারছে কি-না এ বিষয়ে যতœবান হউন।
- স্কুলের সকল পরীক্ষার উত্তরপত্র অভিভাবকদের দেখানোর জন্য নির্ধারিত তারিখে ছাত্র-ছাত্রীর হাতে তুলে দেওয়া হয়। সুতরাং প্রত্যেক অভিভাবকের দায়িত্ব হল সেসব উত্তর পত্র দেখে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ছাত্র-ছাত্রী সম্পর্কে যে কোন বিষয়ে আলোচনার জন্য স্কুল থেকে আমন্ত্রণপত্র/টেলিফোন পেলে নির্ধারিত দিনে ও সময়ে স্কুলে উপস্থিত হয়ে যোগ্য অভিভাবকের দায়িত্ব পালন করুন।
- কোন কারণে কোন ছাত্র-ছাত্রী একদিনের বেশি অনুপস্থিত থাকলে অভিভাবক নিজে এসে দরখাস্ত দিয়ে ছুটি মঞ্জুর করিয়ে নিবেন।
- প্রতিমাসের প্রথম ১০ দিনের মধ্যে মধ্যে আপনার সন্তান/ পোষ্যের বেতন পরিশোধ করুন। জরিমানাসহ বেতন পরিশোধ আমাদের কাম্য নহে। পর পর ২ মাস বেতন পরিশোধে ব্যর্থ হলে ছাত্র-ছাত্রীর নাম কাটা যাবে। সেক্ষেত্রে এক মাসের বেতনের সমপরিমাণ অর্থসহ বকেয়া বেতন পরিশোধ করে পুনঃ ভর্তি হতে হবে। কোন অযুহাতে এই নিয়মের কোন ব্যতিক্রম ঘটানো যাবে না।
- প্রত্যেক পরীক্ষার পর Progress Report দেখে স্বাক্ষর করুন।
- কোন ছাত্র-ছাত্রী কোন শ্রেণিতে ফেল করে পুনরায় সেই শ্রেণিতে পড়তে চাইলে ফলাফল ঘোষণার ৩ দিনের মধ্যে আবেদনসহ পুনঃভর্তি হতে হবে। পুনঃভর্তি অবশ্যই ছাত্র-ছাত্রীর সন্তোষজনক আচরণের উপর নির্ভরশীল।
- আপনার সন্তান / পোষ্য যাতে প্রতিদিন নির্ধারিত এবং পরিষ্কার-পরিচ্ছন্ন স্কুল ড্রেস পরে স্কুলে আসে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখুন।
- আপনার সন্তান / পোষ্যকে খারাপ পরিবেশ ও অসৎ সঙ্গ থেকে দূরে রাখতে যথাযথ ভূমিকা রাখুন।
- অভিভাবক / অভিভাবিকা ও শিক্ষকের সম্মিলিত প্রয়াসের মাধ্যমেই শিক্ষার্থীর পাঠোন্নতি, জীবনের সফলতা ও সুন্দর চরিত্র গঠন সম্ভব।
- শিক্ষক শিক্ষার্থীর মানস পিতা"- এ কথা বিবেচনায় রেখে আপনার সন্তানের সার্বিক বিকাশের লক্ষ্যে শিক্ষকদেরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান অব্যাহত রাখুন।
- শিক্ষার্থী শিক্ষককের মানস সন্তান, শিক্ষক পিতৃতুল্য

# টিউশন ফি এবং প্রযোজ্য চার্জ:

## পরিকল্পনা-1

### পুরো বছরের পেমেন্ট প্ল্যান

লেবেল- 1 = 12,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 10,000/-টাকা
লেবেল- 2 = 12,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 10,000/-টাকা
লেবেল- 3 = 12,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 10,000/-টাকা
লেবেল- 4 = 24,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 20,000/-টাকা
লেবেল- 5 = 24,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 20,000/-টাকা

এক বছরের কোর্স = 36,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 30,000/-টাকা
6 মাসের কোর্স= 6,000/-টাকা। ডিসকাউন্ট মূল্য = 5,000/-

## পরিকল্পনা-2

### মাসিক পেমেন্ট প্ল্যান

লেবেল- 1 = 1,000/-টাকা
লেবেল- 2 = 1,000/-টাকা
লেবেল- 3 = 2,000/-টাকা
লেবেল- 4 = 2,000/-টাকা
লেবেল- 5 = 2,000/-টাকা
কর্মজীবন = 3,000/-টাকা



# Smart Bangla

*Your future self is waiting for you*

## ভর্তি প্রক্রিয়াকরণ ফি




## Payment Options

সোনালী ব্যাংক লিমিটেড Sonali Bank Limited

নগদ

bKash

ভর্তি পরীক্ষার ফি-100 টাকা

# Smart Bangla

*Your future self is waiting for you*

স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুলে আমাদের লক্ষ্য হল,আমাদের বিদ্যালয় আঙ্গিনায় প্রবেশকারী প্রত্যেক শিক্ষার্থীকে মানসম্পন্ন শিক্ষা প্রদান করা। অনেক পরিবারের জন্যই স্কুলের বেতনের খরচ হয়তো নাগালের বাইরে। আমাদের বৃত্তি কর্মসূচির লক্ষ্য হলো, বাংলাদেশের যোগ্য শিক্ষার্থীদের জন্য গুণগত শিক্ষার দ্বার উন্মুক্ত ও সহজলভ্য করে তোলা।

স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুল সকল শিশুদের জন্য গুণগত শিক্ষার সুযোগ প্রদানে আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে, যাতে করে প্রতিটি শিশু যেনো বিশ্বকে অপার সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে আবিষ্কার করে। যোগ্যতা অর্জনকারী যেকোনো শিক্ষার্থীর জন্য এই বৃত্তি উন্মুক্ত । স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুলের একটি প্রাথমিক লক্ষ্য হলো ,সকল শিশুর জন্য জ্ঞানীয়, মানসিক ও শারীরিক উন্নতি সাধনের একটি ভিত্তি তৈরী করে দেওয়া। আমরা যোগ্যতা অর্জনকারী সকল  শিক্ষার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করছি।

স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুল, শিক্ষা ও ভবিষ্যৎ যেখানে এক সুতোয় গাঁথা

আবেদনের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নিয়ম অনুসরণ করা হবেঃ

প্রত্যকে শিক্ষার্থীকে তাদের ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতেই মূল্যায়ন করা হবে।

একজন শিক্ষার্থীর প্রাপ্ত বৃত্তি কোন ভাবেই পরিবারের অন্য শিক্ষার্থীর পূর্ণবৃত্তির নিশ্চয়তা দেয় না। বর্তমানে বৃত্তির আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে।

বৃত্তির জন্য মনোনীত পরিবারকে আবেদনের এক মাসের মধ্যে জানানো হবে।

বৃত্তির জন্য মনোয়ন পেতে হলে আবেদনের সময় সফলভাবে সকল ফরম পূরণ করতে হবে

বৃত্তির আওতায় যে বিষয়গুলি থাকবেঃ

- বেতনসহ স্কুলের যাবতীয় ফি
- বই এবং স্টেশনারি জিনিসপত্র
- বাৎসরিক একটি স্কুল ইউনিফর্ম
- স্কুলের খাবার
- স্কুলের খরচে শিক্ষাসফর
- **অভিভাবকগণ যেসকল ব্যয়ভার বহন করবেনঃ**
- অতিরিক্ত স্কুল ইউনিফর্ম
- সহশিক্ষা কার্যক্রমের খরচ
- ব্যক্তিগত ব্যবহার্য জিনিসপত্র
- বৃত্তি যদিও বাৎসরিক নবায়নযোগ্য তথাপি প্রতিটি পরিবারকে যোগ্যতার পরীক্ষা দিতে হবে
- বৃত্তির জন্য যে সকল মানদন্ড বিবেচনায় আনা হবে তা হলোঃ
- একাডেমিক দক্ষতার মূল্যায়ন
- আচরণগত মূল্যায়ন
- পারিবারিক অঙ্গীকার
- সার্বক্ষণিক আর্থিক প্রয়োজনীয়তা
- স্কুল পরিবহন সেবা পেতে অবস্থানগত ভৌগলিক প্রমাণাদি

- **শিক্ষার্থীর জন্যঃ তুমি স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুলে কি ভর্তি হতে চাও?**

- প্রবন্ধ
- একটি বৈশ্বিক সমস্যা চিহ্নিত করো এবং তুমি কিভাবে এটি সমাধান করবে?
- তুমি কেন স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুলে ভর্তি হতে চাও?
- শিক্ষার্থীর জন্যঃ তুমি কেন ভর্তি হতে চাও?
- পিতামাতার জন্যঃ আপনি কেন আপনার সন্তানকে স্মার্ট বাংলা ইন্টারন্যাশনাল স্কুলে ভর্তি করাতে চান?
- সমাজসেবায় গৃহীত কর্মপরিকল্পনা -তোমার সম্প্রদায়ের একটি প্রয়োজন চিহ্নিত কর। তুমি কিভাবে সাহায্য করতে পারো , কিভাবে সেটি শুরু করতে হবে?
- আর্থিক নয়, সমাজের টেকসই উন্নয়ন,
- প্রয়োজনীয় নথিসমূহ
- সকল প্রার্থীকে ডকুমেন্টেশনের সহজলভ্যতা ও যোগ্যতা বিবেচনার জন্য জমা দিতে হবে:
- পূরণকৃত আবেদন ফর্ম
- নাগরিকত্বের প্রমাণ (জন্ম সনদ)
- পরিবারের আর্থিক অবস্থার প্রমাণ
- বাবা মায়ের নাগরিক সনদ
- শিক্ষকের সুপারিশপত্র
- বর্তমান বিদ্যালয়ের উপস্থিতি রিপোর্ট
- বর্তমান বিদ্যালয়ের চলতি শিক্ষাবর্ষের অতি সাম্প্রতিক অগ্রগতির প্রতিবেদন







**SAY HELLO, WHATEVER YOUR NEEDS**

**Headquarters:** Smart Bangla Rode, Shalta Faridpur, -7800

**Mobile:** +8801735301563,+8801978301563

**Whatsapp:** +8801735301563

**Email:** smartbangla2041@Gmail.Com

**Website** : smartbanla.com

# 6 মাস 1 বছর ও 3 বছর মেয়াদী

Level 1

Level 2

Level 3

Level 4

Level 5

computer